

প্রাথমিকের বার্ষিক পরীক্ষা আগেই

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, শনিবার, ২০ অক্টোবর ২০১৮

আসন্ন সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রাথমিক বিদ্যালয়গুলোর বার্ষিক পরীক্ষা এগিয়ে নেয়া হয়েছে। নতুন নির্দেশনা অনুযায়ী ২৯ নভেম্বর থেকে ৬ ডিসেম্বরের মধ্যে প্রথম থেকে চতুর্থ শ্রেণীর বার্ষিক পরীক্ষা শেষ করতে হবে। এ সংক্রান্ত আদেশ জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

আগের নির্দেশনা অনুযায়ী ১১-১৮ ডিসেম্বরের মধ্যে এই পরীক্ষা হওয়ার কথা থাকলেও এখন ৬ ডিসেম্বরের মধ্যেই পরীক্ষা শেষ করতে হবে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এবং প্রাথমিক শিক্ষার সঙ্গে সম্পৃক্ত সব শিক্ষা কর্মকর্তাদের কাছে এমন আদেশের অনুলিপি পাঠানো হয়েছে।

উল্লেখ্য, ডিসেম্বরের শেষের দিকে নির্বাচন অনুষ্ঠানের পরিকল্পনা নিয়ে এগোচ্ছে বলে ইসি সূত্রে জানা গেছে। নির্বাচনের সময় বিদ্যালয়গুলো ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার হয়। পাশাপাশি শিক্ষকরাও ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে কাজ করে থাকেন।